


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১(অংশ-০৩).২০২১-১৫৫

তারিখ: ১০ কার্তিক ১৪২৮ / ২৬ অক্টোবর ২০২১

**বিজ্ঞপ্তি নম্বর (৮০-১৪৭)/২০২১**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন:

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮০ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [কম্পিউটার] [৯ম গ্রেড] এর ১৯টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩২৪ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-৮১ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [এনভায়রনমেন্টাল] [৯ম গ্রেড] এর ১২টি অস্থায়ী পদ। | | | | | ১৮৫, ৩৪২ | |
| ক্রমিক নম্বর-৮২ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [ফুড] [৯ম গ্রেড] এর ১৩টি অস্থায়ী পদ। | | | | | ৩৩৭, ৩৪৩, ৩৪৪, ৩৪৫, ৩৪৬ | |
| ক্রমিক নম্বর-৮৩ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [ইলেকট্রোমেডিক্যাল] [৯ম গ্রেড] এর ১৮টি অস্থায়ী পদ। | | | | | ৩০৬, ৩৩৮ | |

ক্রমশ/২

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৮৪ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন] [৯ম গ্রেড] এর ২২টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩০১ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-৮৫ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [মেকাট্রনিক্স] [৯ম গ্রেড] এর ০৬টি অস্থায়ী পদ। | | | | | ৩৩৯, ৩৪৭, ৩৪৮ | |
| ক্রমিক নম্বর-৮৬ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট] [৯ম গ্রেড] এর ০৯টি অস্থায়ী পদ। | | | | | ১৯৯ | |
| ক্রমিক নম্বর-৮৭ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং] [৯ম গ্রেড] এর ০২টি অস্থায়ী পদ। | | | | | ৩২৪ | |
| ক্রমিক নম্বর-৮৮ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩২৪ | |
| ক্রমিক নম্বর-৮৯ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল] [আইপিসিটি] [৯ম গ্রেড] এর ০৭টি অস্থায়ী পদ। | | | | | ৩০৬, ৩৩৪ | |
| ক্রমিক নম্বর-৯০ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [মাইনিং এন্ড মাইন সার্ভে] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩৪০ | |
| ক্রমিক নম্বর-৯১ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩২০ | |
| ক্রমিক নম্বর-৯২ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [সিরামিক] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩৪১ | |
| ক্রমিক নম্বর-৯৩ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [গ্লাস] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩৪১ | |

ক্রমশ/৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৯৪ ইউনিট-৯ | ইন্সট্রাক্টর [টেক] [এ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস] [৯ম গ্রেড] এর ৩৪টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে* অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩২০ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-৯৫ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [সিভিল] [৯ম গ্রেড] এর ০৮টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩০৩ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-৯৬ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [ইলেকট্রিক্যাল] [৯ম গ্রেড] এর ০৬টি অস্থায়ী পদ। | | | | | ৩০৬ | |
| ক্রমিক নম্বর-৯৭ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [ইলেকট্রনিক্স] [৯ম গ্রেড] এর ০৮টি অস্থায়ী পদ। | | | | | ৩০৬ | |
| ক্রমিক নম্বর-৯৮ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [কম্পিউটার] [৯ম গ্রেড] এর ০৩টি অস্থায়ী পদ। | | | | | ৩২৪ | |
| ক্রমিক নম্বর-৯৯ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং] [৯ম গ্রেড] এর ০৩টি অস্থায়ী পদ। | | | | | ৩১২ | |
| ক্রমিক নম্বর-১০০ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [ফুড] [৯ম গ্রেড] এর ০২টি অস্থায়ী পদ। | | | | | ৩৩৭, ৩৪৩, ৩৪৪, ৩৪৫, ৩৪৬ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৪

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১০১ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩০১ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১০২ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [কন্সট্রাকশন] [৯ম গ্রেড] এর ০২টি অস্থায়ী পদ। | | | | | ৩০৩ | |
| ক্রমিক নম্বর-১০৩ ইউনিট-৯ | ওয়ার্কসপ সুপার [মেকাট্রনিক্স] [৯ম গ্রেড] এর ০১টি অস্থায়ী পদ। | | | | | ৩৩৯, ৩৪৭, ৩৪৮ | |
| ক্রমিক নম্বর-১০৪ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [সিভিল] [১০ম গ্রেড] এর ১৬৬টি অস্থায়ী পদ। | | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে* অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪[চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ১৮, ১৯, ২২, ২৭ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১০৫ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ইলেকট্রিক্যাল] [১০ম গ্রেড] এর ১৩৩ টি অস্থায়ী পদ। | | | | | ২৪, ২৫, ২৬, ৩১, ৪১ | |
| ক্রমিক নম্বর-১০৬ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [মেকানিক্যাল] [১০ম গ্রেড] এর ৯০টি অস্থায়ী পদ। | | | | | ১৫, ৩২, ৩৪, ৩৫, ৩৬, ৩৮ | |
| ক্রমিক নম্বর-১০৭ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ইলেকট্রনিক্স] [১০ম গ্রেড] এর ১৫৫ টি অস্থায়ী পদ। | | | | | ২৬ | |
| ক্রমিক নম্বর-১০৮ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [কম্পিউটার] [১০ম গ্রেড] এর ২০৩ টি অস্থায়ী পদ। | | | | | ২০, ২১, ২৩ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৫

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১০৯ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং] [১০ম গ্রেড] এর ৭২ টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে*অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪[চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ৩৮ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১১০ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [এনভায়রনমেন্টাল] [১০ম গ্রেড] এর ৪২ টি অস্থায়ী পদ। | | | | | ২৭ | |
| ক্রমিক নম্বর-১১১ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ফুড] [১০ম গ্রেড] এর ৪৮ টি অস্থায়ী পদ। | | | | | ২৮ | |
| ক্রমিক নম্বর-১১২ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [টেলিকমিউনিকেশন] [১০ম গ্রেড] এর ১৯ টি অস্থায়ী পদ। | | | | | ৪১ | |
| ক্রমিক নম্বর-১১৩ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ইলেকট্রোমেডিক্যাল] [১০ম গ্রেড] এর ৩৯ টি অস্থায়ী পদ। | | | | | ২৫ | |
| ক্রমিক নম্বর-১১৪ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন] [১০ম গ্রেড] এর ৪৬ টি অস্থায়ী পদ। | | | | | ১৩, ১৪ | |
| ক্রমিক নম্বর-১১৫ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [কন্সট্রাকশন] [১০ম গ্রেড] এর ২৫টি অস্থায়ী পদ। | | | | | ২২ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৬

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১১৬ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [মেকাট্রনিক্স] [১০ম গ্রেড] এর ২৪টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে* অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ [চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ৩৪ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১১৭ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট] [১০ম গ্রেড] এর ২০টি অস্থায়ী পদ। | | | | | ৮৫ | |
| ক্রমিক নম্বর-১১৮ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং] [১০ম গ্রেড] এর ০৫টি অস্থায়ী পদ। | | | | | ২১, ২৩ | |
| ক্রমিক নম্বর-১১৯ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি] [১০ম গ্রেড] এর ০৫টি অস্থায়ী পদ। | | | | | ২০, ২১ | |
| ক্রমিক নম্বর-১২০ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল] [আইপিসিটি] [১০ম গ্রেড] এর ১৬টি অস্থায়ী পদ। | | | | | ৩১ | |
| ক্রমিক নম্বর-১২১ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [মাইনিং এন্ড মাইন সার্ভে] [১০ম গ্রেড] এর ০৪টি অস্থায়ী পদ। | | | | | ৩৫ | |
| ক্রমিক নম্বর-১২২ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং] [১০ম গ্রেড] এর ০৩টি অস্থায়ী পদ। | | | | | ৪৭ | |
| ক্রমিক নম্বর-১২৩ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [সিরামিক] [১০ম গ্রেড] এর ০৯ টি অস্থায়ী পদ। | | | | | ১৬ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৭

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১২৪ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [গ্লাস] [১০ম গ্রেড] এর ০৪ টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে* অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪[চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ২৯ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১২৫ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [পাওয়ার] [১০ম গ্রেড] এর ৫০ টি অস্থায়ী পদ। | | | | | ৩৬ | |
| ক্রমিক নম্বর-১২৬ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [অটোমোবাইল] [১০ম গ্রেড] এর ১২ টি অস্থায়ী পদ। | | | | | ১৫ | |
| ক্রমিক নম্বর-১২৭ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [কেমিক্যাল] [১০ম গ্রেড] এর ০৬ টি অস্থায়ী পদ। | | | | | ১৭, ২৮ | |
| ক্রমিক নম্বর-১২৮ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [আর্কিটেকচার] [১০ম গ্রেড] এর ১০ টি অস্থায়ী পদ। | | | | | ১৩, ১৪ | |
| ক্রমিক নম্বর-১২৯ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [সার্ভে] [১০ম গ্রেড] এর ০৭ টি অস্থায়ী পদ। | | | | | ৪০ | |
| ক্রমিক নম্বর-১৩০ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [সিভিল উড] [১০ম গ্রেড] এর ০২ টি অস্থায়ী পদ। | | | | | ১৮ | |
| ক্রমিক নম্বর-১৩১ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [গ্রাফিক ডিজাইন] [১০ম গ্রেড] এর ০৪ টি অস্থায়ী পদ। | | | | | ৩০ | |
| ক্রমিক নম্বর-১৩২ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [প্রিন্টিং] [১০ম গ্রেড] এর ০৫ টি অস্থায়ী পদ। | | | | | ৩৭ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৮

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১৩৩ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস] [১০ম গ্রেড] এর ৩১০টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে* অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪[চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ২৪, ২৫, ২৬, ৩১, ৪১ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১৩৪ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিকস] [১০ম গ্রেড] এর ২৫৯ টি অস্থায়ী পদ। | | | | | ২০, ২১, ২৩ | |
| ক্রমিক নম্বর-১৩৫ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [জেনারেল ইলেকট্রনিক্স] [১০ম গ্রেড] এর ১২১ টি অস্থায়ী পদ। | | | | | ২৫, ২৬ | |
| ক্রমিক নম্বর-১৩৬ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ফার্মমেশিনারী] [১০ম গ্রেড] এর ৫৭টি অস্থায়ী পদ। | | | | | ১৫, ৩৬, ৪২ | |
| ক্রমিক নম্বর-১৩৭ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং] [১০ম গ্রেড] এর ১০৩টি অস্থায়ী পদ। | | | | | ৩৬, ৩৮ | |
| ক্রমিক নম্বর-১৩৮ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন] [১০ম গ্রেড] এর ১৬৫ টি অস্থায়ী পদ। | | | | | ৩২, ৩৯, ৭৭ | |
| ক্রমিক নম্বর-১৩৯ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [অটোমোবাইল এন্ড অটো ইলেকট্রিক্যাল বেসিকস] [১০ম গ্রেড] এর ১৭৬টি অস্থায়ী পদ। | | | | | ১৫, ৩৬ | |
| ক্রমিক নম্বর-১৪০ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [এ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস] [১০ম গ্রেড] এর ১১৫টি অস্থায়ী পদ। | | | | | ৪৬, ৪৭ | |
| ক্রমিক নম্বর-১৪১ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি] [১০ম গ্রেড] এর ২২৫টি অস্থায়ী পদ। | | | | | ১৯, ১৮, ২২ ১৪, ৪০, ২৭ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/৯

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১৪২ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [ফিস কালচার এন্ড ব্রিডিং] [১০ম গ্রেড] এর ০৮টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে* অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪[চার] বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ৪২, ৪৩, ৭১ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-১৪৩ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং] [১০ম গ্রেড] এর ১০টি অস্থায়ী পদ। | | | | | ৪২, ৪৫, ৭৪ | |
| ক্রমিক নম্বর-১৪৪ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [মেশিন অপারেশন বেসিকস] [১০ম গ্রেড] এর ১৩১টি অস্থায়ী পদ। | | | | | ৩২, ৩৪, ৩৫ | |
| ক্রমিক নম্বর-১৪৫ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [কম্পিউটার] [১০ম গ্রেড] এর ৭৭টি অস্থায়ী পদ। | | | | | ২০, ২১, ২৩ | |
| ক্রমিক নম্বর-১৪৬ ইউনিট-৯ | জুনিয়র ইন্সট্রাক্টর [টেক] [প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং] [১০ম গ্রেড] এর ৭২টি অস্থায়ী পদ। | | | | | ১৯, ১৮. ১৪, ১৩, ৪০, ২৭, ২২ | |

*** নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকা অনুযায়ী।**

ক্রমশ/১০

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ১৪৩ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১৪৭ ইউনিট-৯ | ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর [১০ম গ্রেড] এর ০৮টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি)। | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শারীরিক শিক্ষা বিষয়ে-<br>অ. অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: অথবা<br>আ. অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ [চার] বৎসর মেয়াদি স্নাতক [সম্মান] ডিগ্রি;<br>অথবা<br>খ. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>অ. অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা; অথবা<br>আ. অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ [চার] বৎসর মেয়াদি স্নাতক [সম্মান] ডিগ্রিসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা।<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ১৮৯, ৮৬<br>১০১ থেকে ৩৪৯ | সর্বোচ্চ ৩০ বছর |

- **অনলাইনে রেজিস্ট্রেশনের সময় নির্দেশাবলির শেষে সংযুক্ত তালিকায় প্রতিটি শূন্যপদের বিপরীতে বর্ণিত ব্যাখ্যা অনুযায়ী ডিগ্রির বিষয় নির্বাচন করে তৎসংশ্লিষ্ট বিষয়কোড দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তালিকা বহির্ভূত কোন বিষয়ে অর্জিত ডিগ্রিধারী প্রার্থী আবেদন করলে প্রার্থী বাছাই ও সুপারিশের যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গন্য হবে।**

- **শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

**বিশেষ দ্রষ্টব্য:**

সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ০১.০৪.২০১৯ তারিখে ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫-৩৭ নম্বর অফিস আদেশে জারীকৃত নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার নীতিমালার ৪.৩ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৮০-১৪৭ এর পদসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | গ্রেড | পদের ধরন |
|---|---|---|
| ৮০-১০৩ | ৯ম গ্রেড | টেকনিক্যাল |
| ১০৪-১৪৭ | ১০ম গ্রেড | টেকনিক্যাল |

ক্রমশ/১১

## নির্দেশাবলী:

১. **অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ব করে নিবেন।

**খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮.১০.২০২১ খ্রিঃ, দুপুর ১২.০০মিনিট।**

**গ. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৫.১১.২০২১ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০ মিনিট।**

**ঘ. কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ২৫.১১.২০২১ তারিখ সন্ধ্যা ৬.০০ মিনিট হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ২৮.১১.২০২১ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে sms এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২. **ক. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীদের বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।**

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি অনুচ্ছেদ-৯ এ বর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবে:

খ.১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ.২ কোন মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

১. গেজেট ও সাময়িক সনদ

অথবা

২. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ

অথবা

৩. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে জমা দিতে হবে। Applicant's Copy (BPSC Form-5A) তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

গ. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

ক্রমশ/১২

৩. জাতীয়তা :

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যেসকল প্রার্থী কোন অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

৪. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. ছবি (Picture) : BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. **স্বাক্ষর (Signature) :** Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান :** অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন** ।

প্রথম SMS : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BPSC<space> YES <space> Pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য :** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

ক্রমশ/১৩

৮. ক. প্রবেশপত্র (Admit Card) : প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. **Applicant’s Copy (BPSC Form-5A) প্রাপ্তি ও জমাদান :**

**প্রার্থীদের Applicant’s Copy (BPSC Form-5A) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে। Applicant’s Copy জমাদান সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। প্রার্থীদের উক্ত নির্দেশনা অনুযায়ী Applicant’s Copy জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।**

১. শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/ মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

২. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; “ও” লেভেল এবং “এ” লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৩. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;

৫. অভিজ্ঞতার সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৬. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৭. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে)

৮. বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;

৯. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

১০. ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (সম্প্রতি তোলা);

১১. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

১২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

১০. বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ Applicant’s Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি কমিশন কর্তৃক প্রেরিত SMS এর মাধ্যমে প্রেরিত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। বিপিএসসি ফরম 5A (Applicant’s Copy) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. অনলাইন আবেদনপত্রে (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। অনলাইনে পূরণকৃত BPSC Form-5A এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

ক্রমশ/১৪

১২. **Applicant's Copy (BPSC Form-5A) জমাপ্রদানের শেষ তারিখের পর Applicant's Copy তে কোন ধরণের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।**

১৩. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১৪. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

